



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৫.০০২.২০.২৬০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

১৩ আগস্ট ২০২০

বিষয়: শিক্ষা ছুটি বর্ধিতকরণ ও সমন্বয়ের আবেদন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা প্রভাষক জনাব ফারহানা আখতার ২৬/০২/২০১৯খ্রি. তারিখে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে ২ বৎসরের শিক্ষা ছুটি ও ২ মাসের অসাধারণ ছুটির আবেদন করে দেশ ত্যাগ করেন। তার আবেদনটি বোর্ড অব গভর্নরস এর ৩৬তম সভায় উপস্থাপন করা হয়। সভার কার্যবিবরণীতে জনাব ফারহানা আখতার, প্রভাষক (উদ্ভিদবিদ্যা) এর উচ্চতর শিক্ষার উদ্দেশ্যে বিদেশ গমনের ছুটির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পত্রের (স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০২১.১৮.৭২৬, তারিখ-১৫/০৫/২০১৯) আলোকে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.১২২৯, তারিখ-০৯/১২/২০১৯খ্রি. স্মারক মোতাবেক ঢাকা মহানগরীর সরকারি রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ এর প্রভাষক (উদ্ভিদবিদ্যা) জনাব ফারহানা আখতার এর বহিঃবাংলাদেশে উচ্চতর কোর্সে অধ্যয়নের জন্য নিম্নবর্ণিত শর্তে ০১/০৬/২০১৯ হতে ৩১/০৫/২০২০ তারিখ পর্যন্ত ১ বছরের ভূতাপেক্ষ শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়।

শর্তসমূহ :

- উচ্চ শিক্ষা গ্রহণের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কোর্স পরিচালকের প্রত্যয়নপত্রসহ ০৬(মাস) অন্তর অন্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে;
- অনুমোদিত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- দেশে ফিরে ৩১/০৫/২০২০খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানে যোগদান করে কর্তৃপক্ষকে অবহিত করবেন;
- ছুটিকালীন সময়ে দেশীয় মুদ্রায় অর্ধগড় বেতনে বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- তাঁর চাকরি ঢাকা মহানগরীর সরকারি রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ এ ন্যস্ত থাকবে।

৩১ মে ২০২০ খ্রি. তারিখে তার মঞ্জুরকৃত ছুটি শেষ হয়। ছুটি শেষে কর্মস্থলে ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে তিনি নতুন ছুটির আবেদন করেন। তিনি আবেদনে ২১ আগস্ট ২০১৯ পর্যন্ত কর্মস্থলে থাকার বিষয়ে আবেদনে উল্লেখ করেছেন। অধ্যক্ষ ১৮/০৯/২০১৯খ্রি. তারিখের আবেদনে ১ জুন ২০১৯ হতে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত সময়ের উল্লেখ করেন। বিষয়টি আবেদনের সাথে সামঞ্জস্য পূর্ণ নয়। এছাড়া আবেদনকারীকে ছুটি বিধিমালা ১৯৫৯ অধ্যয়ন ছুটির বিধান ৩ অনুসারে চাকরির মেয়াদ ৫ বৎসর পূর্ণ হওয়ায় তার ১২ মাসের অধ্যয়ন ছুটি মঞ্জুরের সুযোগ থাকায় ১২ মাসের ছুটি মঞ্জুর করা হয়। নতুন কোন ছুটির প্রাপ্যতা না থাকায় ছুটি মঞ্জুরের অবকাশ নেই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৩-৮-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


ড. গাজী মনিবুর রহমান, অধ্যক্ষ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৫.০০২.২০.২৬০/১(৩)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭
১৩ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব ফারহানা আখতার, প্রভাষক (উদ্ভিদবিদ্যা), রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা।
- ৩) সংরক্ষণ নথি।



১৩-৮-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক